গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
শৃঙ্খলা ও তদন্ত শাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০৪০.২৫. ৪৬

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩২
১৯ ফেব্রুয়ারি ২০২৬

অফিস আদেশ

যেহেতু, জনাব মোছাঃ হাসনা বেগম, বাবুর্চি, সামাজিক প্রতিবন্ধী মেয়েদের কারিগরী প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র, ব্রাহ্মণবাড়িয়া কর্তৃক বিভিন্ন সময়ে দাখিলকৃত লিখিত অভিযোগের প্রেক্ষিতে সরেজমিন তদন্ত করে প্রতিবেদন দাখিলের জন্য জেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া কর্তৃক ০৫/০৩/২০২৫ তারিখ ৪১.০১.১২০০.০০০.২৭.০০১.২৩.২১৫ সংখ্যক স্মারক পত্র যোগে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়। গঠিত তদন্ত কমিটি সরেজমিন তদন্ত পূর্বক উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া বরাবর প্রতিবেদন দাখিল করেন। দাখিলকৃত প্রতিবেদনে জনাব মোছাঃ হাসনা বেগম কর্তৃক আনীত সকল অভিযোগের কোনো সত্যতা পাওয়া যায়নি মর্মে তদন্ত কমিটি মতামত প্রদান করেন;

যেহেতু, প্রাথমিক তদন্তে জনাব মোছাঃ হাসনা বেগম, বাবুর্চি, সামাজিক প্রতিবন্ধী মেয়েদের কারিগরী প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র, ব্রাহ্মণবাড়িয়া কর্তৃক যে অভিযোগসমূহ আনয়ন করেছেন তার সবগুলোই মিথ্যা, বানোয়াট, ভিত্তিহীন এবং তিনি প্রতিষ্ঠানের স্বাভাবিক শৃঙ্খলা ও নিবাসীদের সর্বোত্তম স্বার্থ রক্ষায় অন্যতম হুমকি। তিনি সকলের বিরুদ্ধে সবসময় মিথ্যা অভিযোগ এনে অন্যদের বেলায় যথাযথ শৃঙ্খলার সাথে কাজ করার ক্ষেত্রে বাধা প্রদান করে প্রতিষ্ঠানের ক্ষতি করেন। প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা ও সকল কর্মচারী তার দাখিলকৃত সকল অভিযোগ মিথ্যা বলেছেন এবং বিধি বহির্ভূত কাজের জন্য তার বিরুদ্ধে আইনানুগ ব্যাবস্থা না নেয়া হলে প্রতিষ্ঠানের স্বাভাবিক কার্যক্রম ও নিবাসীদের সার্বিক সুরক্ষা মুখ থুবড়ে পড়বে বলে তদন্ত কমিটি মতামত প্রদান করেন। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া ০৪/০৫/২০২৫ তারিখের ৪১.০১.১২০০.০০০.০০০.২৭.০০০১.১৯-৩৭৭ সংখ্যক স্মারক মূলে উক্ত তদন্ত প্রতিবেদনের সাথে একমত পোষণ করে জনাব মোছাঃ হাসনা বেগম এর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন;

যেহেতু, উল্লিখিত অভিযোগে সমাজসেবা অধিদপ্তরের ০৩/০৭/২০২৫ তারিখ ৪১.০১.০০০০.০১৪. ২৭.০৪০.২৫.২৭২ সংখ্যক 'অফিস আদেশ' যোগে তাকে সাময়িক বরখাস্ত করা হয়। একই অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা (মামলা নম্বর ২২/২০২৫ তারিখ ১৩/০৭/২০২৫) রুজু করা হয়;

যেহেতু, জনাব মোছাঃ হাসনা বেগম, বাবুর্চি (সাময়িক বরখাস্ত), সামাজিক প্রতিবন্ধী মেয়েদের কারিগরী প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র, ব্রাহ্মণবাড়িয়া এর বিরুদ্ধে সমাজসেবা অধিদপ্তরের ১৩/০৭/২০২৫ তারিখ ৪১.০১.০০০০.০১৪.২৭.০৪০.২৫.২৮৩ সংখ্যক স্মারকপত্র যোগে বিভাগীয় মামলা (মামলা নম্বর ২২/২০২৫ তারিখ ১৩/০৭/২০২৫) রুজু করে পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়। কিন্তু দীর্ঘ প্রায় ০৩ (তিন) মাস অতিবাহিত হলেও তিনি বিভাগীয় মামলার জবাব প্রদান না করায় তার বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলাটি তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য উপপরিচালক (শিশু সুরক্ষা শাখা), সমাজসেবা অধিদপ্তর, সদর কার্যালয়, আগারগাঁও, ঢাকাকে সমাজসেবা অধিদপ্তরের ০৬/১০/২০২৫ তারিখ ৪১.০১.০০০০.০১৪.২৭.০৪০.২৫.৪২৭ সংখ্যক স্মারকপত্র যোগে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা ২৭/১০/২০২৫ তারিখ ৪১.০১.০০০০.০০০.০৬৭.১৬.০০০১.২৫.১২৯ সংখ্যক স্মারকপত্র মূলে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্তে জনাব মোছাঃ হাসনা বেগম এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলায় (মামলা নম্বর ২২/২০২৫ তারিখ ১৩/০৭/২০২৫) আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়;

যেহেতু, জনাব মোছাঃ হাসনা বেগম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে উক্ত বিধিমালার সংশ্লিষ্ট বিধি মোতাবেক গুরুদন্ড আরোপ করার লক্ষ্যে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করার প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়। এমতাবস্থায়, কেন তাকে চাকুরী হতে 'বরখাস্ত (Dismissal)' বা বিধিতে বর্ণিত অন্য কোন গুরুদন্ড আরোপ করা হবে না তার জবাব সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) ধারা মোতাবেক পত্র প্রাপ্তির ০৭(সাত) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করার জন্য সমাজসেবা অধিদপ্তরের ২৬/১১/২০২৫ তারিখ ৪১.০১.০০০০.০১৪.২৭.০৪০.২৫.৪৯৪ সংখ্যক স্মারকপত্র যোগে অনুরোধ করা হয়। কিন্তু দীর্ঘ ০২(দুই) মাস অতিবাহিত হলেও তার নিকট হতে ২য় কারণ দর্শানো নোটিশের কোন জবাব পাওয়া যায়নি।

সেহেতু, জনাব মোছাঃ হাসনা বেগম, বাবুর্চি (সাময়িক বরখাস্ত), সামাজিক প্রতিবন্ধী মেয়েদের কারিগরী প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র, ব্রাহ্মণবাড়িয়া এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, তদন্ত প্রতিবেদন, ২য় কারণ দর্শানোর নোটিশ এবং সার্বিক বিষয় পর্যালোচনা করে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে উক্ত বিধিমালার ৪(৩)(খ) বিধি মোতাবেক সরকারি চাকুরী হতে "বাধ্যতামূলক অবসর প্রদান" গুরুদন্ড আরোপ করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো। তার সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো। সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসেবে গণ্য হবে। তিনি বিধি মোতাবেক বকেয়া বেতন ভাতাদি প্রাপ্য হবেন। উক্ত দন্ড তার সার্ভিস বহিতে লাল কালিতে লিপিবদ্ধ করতে হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৯-০২-২০২৬

(মোস্তফা মোস্তাকুর রহিম খান)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
☎ ০২-৫৫০০৭০২২
ইমেইল: director-admin@dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০৪০.২৫. ৪৬ (০২)

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩২ / ১৯ ফেব্রুয়ারি ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক (কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, বাড়ি-২৩, রোড-২, দক্ষিণ খুলশী, চট্টগ্রাম।
৪. উপপরিচালক (বাজেট ও অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।
৬. সহকারী পরিচালক (প্রশাসন-২/অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. ব্যবস্থাপক, সামাজিক প্রতিবন্ধী মেয়েদের কারিগরী প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র, ব্রাহ্মণবাড়িয়া।
৯. জনাব মোছাঃ হাসনা বেগম, বাবুর্চি (বাধ্যতামূলক অবসর), সামাজিক প্রতিবন্ধী মেয়েদের কারিগরী প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র, ব্রাহ্মণবাড়িয়া।

১৯/০২/২৬

(মোঃ রবিউল করিম)
উপপরিচালক (প্রশাসন)
☎ ০২৫৫০০৭৩৭০